# রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
## বার্ষিক পরীক্ষা-২০২৩
## শ্রেণি: ৯ম
## বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি+সৃজনশীল প্রশ্ন)

**১. ব্যবসায়ের প্রতিটি সিদ্ধান্তের সাথে কোনটি জড়িত থাকে?**
ক অর্থের আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ
খ অভ্যন্তরীণ ও বহিস্থ উৎসের ব্যবহার
গ মাসিক ও বার্ষিক কিস্তির হার
ঘ ঋণ গ্রহণ ও পরিশোধ পদ্ধতি

**২. একটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করার জন্য অন্য কোনো প্রকল্পে বিনিয়োগের সুযোগ ত্যাগ করাকে কী বলে?**
ক সুযোগ ব্যয় খ প্রকল্প ব্যয় গ প্রকল্প মূল্যায়ন ঘ অর্থায়ন সুযোগ

**৩. অর্থের সময়মূল্যের সূত্র প্রয়োগের মাধ্যমে কোনটির পরিমাণ নির্ধারণ করা যায়?**
ক প্রকৃত অর্থ খ সুযোগ ব্যয় গ মূল্য নির্ধারণ ঘ প্রকল্প মূল্যায়ন ব্যয়

**৪. 'রুল-৭২' ব্যবহার করা যায় কখন?**
ক নির্দিষ্ট মেয়াদে অর্থ দ্বিগুণ হলে খ নির্দিষ্ট মেয়াদে অর্থ তিনগুণ হলে
গ এক বছরে অর্থ দেড় গুণ হলে ঘ সুদের হার পরিবর্তন হলে

**৫. নির্দিষ্ট মেয়াদে টাকা দ্বিগুণ হলে মেয়াদ নির্ণয় করতে কোনটি প্রয়োজন?**
ক রুল -৬২ খ রুল-৭২ গ রুল -৭৩ ঘ রুল–৭৫

**৬. দীর্ঘমেয়াদি প্রকল্প মূল্যায়নে নিচের কোনটি করতে হয়?**
ক সময়ের সাথে আয়ের তুলনা
খ ভবিষ্যৎ ব্যয়ের সাথে বর্তমান আয়ের তুলনা
গ বর্তমান ব্যয়ের সাথে ভবিষ্যৎ আয়ের তুলনা
ঘ বর্তমানের আয়ের সাথে অর্থনৈতিক অবস্থার তুলনা

**৭. দীর্ঘমেয়াদি প্রকল্প মূল্যায়নে বর্তমান ব্যয়ের সাথে কোনটি তুলনা করা হয়?**
ক বর্তমান আয় খ ভবিষ্যৎ আয় গ বর্তমান মুনাফা ঘ ভবিষ্যৎ ব্যয়

**৮. দীর্ঘমেয়াদি প্রকল্প মূল্যায়নের সিদ্ধান্ত নিতে কোনটি করতে হয়?**
ক বর্তমান ব্যয়ের ভবিষ্যৎ মূল্য নির্ধারণ
খ বর্তমান আয়ের ভবিষ্যৎ মূল্য নির্ধারণ
গ ভবিষ্যৎ ব্যয়ের বর্তমান মূল্য নির্ধারণ
ঘ ভবিষ্যৎ আয়ের বর্তমান মূল্য নির্ধারণ

**৯. দীর্ঘমেয়াদি প্রকল্প মূল্যায়নে প্রকল্পের কোনটি তুলনা করতে হয়?**
ক বর্তমান ব্যয়ের সাথে ভবিষ্যৎ ব্যয়
খ বর্তমান আয়ের সাথে ভবিষ্যৎ আয়
গ বর্তমান ব্যয়ের সাথে ভবিষ্যৎ আয়
ঘ বর্তমান আয়ের সাথে ভবিষ্যৎ ব্যয়

**১০. ব্যাংক বা কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণের সিদ্ধান্ত গ্রহণে কোনটি বিবেচনা করতে হয়?**
ক কিস্তি পরিশোধের ক্ষমতা খ অর্থ বিনিয়োগের ক্ষমতা
গ নির্ধারিত কমিশন ঘ সুদের পরিমাণ

**১১. ব্যাংক হতে গৃহীত ঋণের কিস্তি নির্ধারণ করা যায় কীভাবে?**
ক মূলধন ব্যয় নির্ণয়ের পদ্ধতি ব্যবহার করে
খ অর্থের সময়মূল্যের ধারণা ব্যবহার করে
গ ঝুঁকি নির্ধারণ পদ্ধতি ব্যবহার করে
ঘ প্রকল্প মূল্যায়ন পদ্ধতি ব্যবহার করে

**১২. অর্থের সময়মূল্য সম্পর্কে স্পষ্ট ধারণা থাকলে-**

i. অর্থায়নের গ্রহণযোগ্য উৎস নির্বাচন করা যায়
ii. প্রদেয় কিস্তির পরিমাণ সঠিকভাবে নির্ণয় করা যায়
iii. বিনিয়োগের লাভজনক উৎস নির্বাচন করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓨ i, ii ও iii

**১৩. ব্যবসায়ের প্রতিটি সিদ্ধান্তের সাথে জড়িত থাকে—**
i. অর্থের আন্তঃপ্রবাহ ii. অর্থের বহিঃপ্রবাহ iii. অর্থের বাট্টাকরণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓨ i, ii ও iii

**১৪. রুল-৭২ সম্পর্কে প্রযোজ্য উক্তিটি হলো—**
i. নির্দিষ্ট মেয়াদে টাকা দ্বিগুণ হয়
ii. সুদের হারকে ৭২ দিয়ে ভাগ করলে মেয়াদ পাওয়া যায়
iii. ৭২-কে মেয়াদ দিয়ে ভাগ করলে সুদের হার পাওয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓨ i, ii ও iii

**১৫. বিনিয়োগ দ্বিগুণ হলে 'রুল-৭২' অনুযায়ী ৭২ কে—**
i. মেয়াদ দিয়ে গুণ করলে সুদ পাওয়া যায়
ii. মেয়াদ দিয়ে ভাগ করলে সুদের হার পাওয়া যায়
iii. সুদের হার দিয়ে ভাগ করলে মেয়াদ পাওয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓨ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
আনিসুল হক তার ব্যবসায়ের মুনাফা লাভজনক খাতে বিনিয়োগ করতে চান। তার নিকট এখন দুইটি বিনিয়োগ প্রকল্প রয়েছে। প্রথমত ৮% সুদে ডাচ বাংলা ব্যাংকে উক্ত অর্থ জমা রাখা। দ্বিতীয়ত উক্ত অর্থ দ্বারা একটি জমি ক্রয় করা যার মূল্য ১২ বছরে দ্বিগুণ হবে। অনেক হিসাব নিকাশ করে তিনি ব্যাংকে অর্থ জমা রাখার সিদ্ধান্ত নিলেন।

**১৬. আনিসুল হক তার মুনাফা জমি ক্রয়ে বিনিয়োগ করলে প্রাপ্য সুদের হার কত হতো?**
ⓚ ৫% ⓧ ৬% ⓖ ৭% ⓨ ৮%

**১৭. আনিসুল হক জমি ক্রয় না করে ব্যাংকে অর্থ জমা রেখে সঠিক সিদ্ধান্ত নিয়েছেন। এর জন্য যুক্তিযুক্ত কারণ কোনটি**
ⓚ তিনি বিনিয়োগকৃত অর্থ দ্রুত ফেরত পাবেন
ⓧ তিনি বিনিয়োগকৃত অর্থের ওপর ২% অধিক হারে সুদ পাবেন
ⓖ তিনি যে কোনো মুহূর্তে তার বিনিয়োগ প্রকল্প বদলাতে পারবেন
ⓨ জমি ক্রয়ের প্রকল্পটির মুনাফা সম্পূর্ণ অনিশ্চিত ছিল

**১৮. চাঁদনী কোম্পানি আশা করেছে আগামী বছর ২০% নিট মুনাফা লাভ করবে কিন্তু প্রকৃত লাভ হলো ১৫%। এখানে—**
i. ঝুঁকি বিদ্যমান ii. ৫% বিচ্যুতি ঝুঁকির উৎস
iii. অনিশ্চয়তা বিদ্যমান
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓨ i, ii ও iii

**১৯. বিনিয়োগকারীর আয় সংশ্লিষ্ট ঝুঁকি বিদ্যমান থাকে যখন-**
i. আয়ের উত্থান বেশি হয় ii. আয়ের পতন বেশি হয়
iii. আয় স্থিতিশীল থাকে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓨ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
দুটি বিনিয়োগের প্রথমটি থেকে গত তিন বছরে ১০% হারে মুনাফা হয়েছে দ্বিতীয়টি থেকে যথাক্রমে ৫%, ১০% ও ১৫% মুনাফা হয়েছে। বিনিয়োগ দুটির অর্জিত মুনাফার গড় সমান।

**২০. উদ্দীপকের প্রথম বিনিয়োগটি কী ধরনের?**
ⓚ ঝুঁকিমুক্ত ⓧ ঝুঁকিযুক্ত ⓖ ঝুঁকিপূর্ণ ⓨ অনিশ্চয়তাপূর্ণ

**২১. দ্বিতীয় বিনিয়োগটিতে বেশি ঝুঁকি থাকার কারণ কী?**
ⓚ যেকোনো সময় বিলুপ্ত হয়ে যেতে পারে
ⓧ যত বেশি উত্থান-পতন তত বেশি ঝুঁকি

Ⓖ বেশি লাভজনক Ⓓ আগামী বছর মুনাফা বেশি হবে

**২২. খারাপ কোনো ঘটনা ঘটার আশঙ্কাকে কী বলে?**
Ⓚ ঝুঁকি Ⓛ অনিশ্চয়তা Ⓖ সম্ভাবনা Ⓓ দুর্ঘটনা

**২৩. অনিশ্চয়তা ও ঝুঁকির মধ্যে মূল পার্থক্য কোনটি?**
Ⓚ অনিশ্চয়তা ব্যয় এবং ঝুঁকি আয়ের সাথে সম্পৃক্ত
Ⓛ অনিশ্চয়তা নিয়ন্ত্রণযোগ্য কিন্তু ঝুঁকি নিয়ন্ত্রণযোগ্য নয়
Ⓖ অনিশ্চয়তা ব্যবসায়িক ক্ষতি কিন্তু ঝুঁকি ক্ষতির সম্ভাবনা
Ⓓ অনিশ্চয়তা অপরিমাপযোগ্য কিন্তু ঝুঁকি পরিমাপযোগ্য

**২৪. বিভিন্ন কৌশল প্রয়োগ করে ঝুঁকির পরিমাণ কমানো যায়। এর জন্য যুক্তিযুক্ত কারণ কোনটি হতে পারে?**
Ⓚ ঝুঁকি অনিশ্চয়তার পরিমাপযোগ্য অংশ
Ⓛ ঝুঁকি অনিশ্চয়তার অপরিমাপযোগ্য অংশ
Ⓖ ঝুঁকি ব্যবস্থাপনায় সীমাবদ্ধতা রয়েছে
Ⓓ ঝুঁকি ও অনিশ্চয়তা একে অপরের বিপরীত

**২৫. অনিশ্চয়তা থেকে ঝুঁকি সৃষ্টি হলেও অনিশ্চয়তা ও ঝুঁকি এক নয় কেন?**
Ⓚ ঝুঁকি হলো অনিশ্চয়তার শুধু পরিমাপযোগ্য অংশটুকু
Ⓛ ঝুঁকির কারণে ক্ষতির সম্ভাবনা থাকলেও অনিশ্চয়তায় তা নেই
Ⓖ অনিশ্চয়তা লক্ষ অর্জনে বাধা দেয় কিন্তু ঝুঁকি সহায়তা করে
Ⓓ অনিশ্চয়তা পরিমাপযোগ্য কিন্তু ঝুঁকি পরিমাপযোগ্য নয়

**২৬. অনিশ্চয়তাকে কমানো বা পরিহার করা যায় না কেন?**
Ⓚ সঠিক কৌশল উদ্ভাবন না হওয়ায়
Ⓛ অনিশ্চয়তা পরিমাপযোগ্য না হওয়ায়
Ⓖ অনিশ্চয়তাকে পূর্ব থেকে অনুমান করতে না পারায়
Ⓓ অনিশ্চয়তা ও ঝুঁকির মধ্যে পার্থক্য থাকায়

**২৭. বিভিন্ন কৌশল প্রয়োগ করে কোনটির পরিমাণ কমানো যায়?**
Ⓚ ক্ষতি Ⓛ অনিশ্চয়তা Ⓖ ঝুঁকি Ⓓ দুর্ঘটনা

**২৮. বিভিন্ন কৌশল প্রয়োগ করে কী করা যায়?**
Ⓚ অনিশ্চয়তাকে পরিমাপ Ⓛ অনিশ্চয়তাকে পরিহার
Ⓖ ঝুঁকির পরিমাণ কমানো Ⓓ ঝুঁকিকে পুরোপুরিভাবে পরিহার

**২৯. বিভিন্ন কৌশল প্রয়োগ করে কিসের পরিমাণকে কমানো বা পরিহার করা যায় না?**
Ⓚ ক্ষতির Ⓛ অনিশ্চয়তার Ⓖ ঝুঁকির Ⓓ বিপদের

**৩০. অনিশ্চয়তাকে পরিমাপ করা যায় না কেন?**
Ⓚ এটাকে ইচ্ছা করলে পরিহার করা যায়
Ⓛ বিভিন্ন কৌশল অবলম্বন করে এটার পরিমাণ কমানো যায়
Ⓖ এটা ইচ্ছা করলেই পরিহার বা কমানো যায় না
Ⓓ ব্যবস্থাপনার সীমাবদ্ধতার কারণে

**৩১. কোনটি অনিশ্চয়তার উদাহরণ?**
Ⓚ কোম্পানির প্রধান কর্মকর্তার মৃত্যু হতে পারে
Ⓛ কোম্পানির বিক্রয় কমে যেতে পারে
Ⓖ শেয়ারের মূল্য কমে যেতে পারে
Ⓓ মুনাফার পরিমাণ বৃদ্ধি পেতে পারে

**৩২. আগামী বছরের কোম্পানির বিক্রয় কমে যাওয়ার সম্ভাবনার ঝুঁকি কীভাবে কমানো যায়?**
Ⓚ উৎপাদন বাড়িয়ে Ⓛ ভোক্তাদের ক্রয় করতে বাধ্য করে
Ⓖ অগ্রিম বিক্রয় করে Ⓓ দাম বাড়িয়ে দিয়ে

**৩৩. নিলা গ্রুপ প্রায় ১০ বছর ধরে তাদের উৎপাদিত নিরমা সাবানটি সুনামের সাথে বিক্রয় করছে। এ বছর সাগর নামক একটি গ্রুপ একই ধরনের পণ্য ব্যাপক বিজ্ঞাপনের সাহায্যে বিক্রয় শুরু করেছে। এজন্য নিলা গ্রুপটি তাদের পণ্যটি নিয়ে উদ্বিগ্ন। এখানে নিলা গ্রুপটির জন্য ঝুঁকি বলা যায় কোন ঘটনাকে?**
Ⓚ তাদের পণ্যটির মূল্য কমে যাওয়া Ⓛ তাদের বিক্রয় কমে যাওয়া
Ⓖ পণ্যটির মান খারাপ হয়ে যাওয়া
Ⓓ আগামী বছর পণ্যটির বিক্রয় বন্ধ হয়ে যাওয়া

**৩৪. ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে পার্থক্য হলো—**

i. সব অনিশ্চয়তা ঝুঁকি নয়   ii. ঝুঁকি পরিমাপযোগ্য

iii. অনিশ্চয়তার কারণ অজানা থাকে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**৩৫. বিভিন্ন কৌশল প্রয়োগ করে কমানো যায়—**

i. ঝুঁকির পরিমাণ   ii. অনিশ্চয়তার পরিমাণ

iii. সম্ভাব্য ক্ষতির পরিমাণ

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**৩৬. অনিশ্চয়তার কারণ—**

i. পরিকল্পনার দুর্বলতা

ii. ভবিষ্যৎ সম্ভাব্য ঘটনা বিশ্লেষণ না করা

iii. পরিকল্পনা বাস্তবায়নে ব্যর্থতা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**৩৭. বিনিয়োগকারীর বিনিয়োগ সংশ্লিষ্ট ঝুঁকি—**

i. হ্রাসযোগ্য ii. পরিমাপযোগ্য  iii. পরিহারযোগ্য

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও :**

জনাব ইকরামুল হোসেন একজন চাল ব্যবসায়ী। গত বছর তিনি তার ব্যবসা হতে ২৫% মুনাফা লাভ করেছেন। এই বছরও তিনি অনুরূপ মুনাফা আশা করেছিলেন। কিন্তু বিভিন্ন কারণে তিনি তার লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হন। এই বছর তিনি মাত্র ১০% মুনাফা লাভ কতে সক্ষম হন।

**৩৮. জনাব ইকরামুল হোসেনের আয়ের গড় কত?**

ক ১০%  খ ২৫%  গ ১৭.৫%  ঘ ২০.৫%

**৩৯. জনাব ইকরামুল তার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য-**

i. ব্যবসায়িক লক্ষ্যমাত্রা পরিবর্তন করবেন

ii. প্রতিষ্ঠানের ঝুঁকির উৎস ও শ্রেণি খুঁজে বের করবেন

iii. ঝুঁকি মোকাবিলায় সম্ভাব্য কৌশল নির্ধারণ করবেন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**৪০. ব্যবসায় প্রতিষ্ঠানের প্রতিটি সিদ্ধান্তের সাথে কী জড়িত থাকে?**

ক ঝুঁকি  খ বিনিয়োগ  গ অর্থ  ঘ মুনাফা

**৪১. কিসের কারণে ব্যবসায় প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত ফলাফল না পাওয়ার সম্ভাবনা দেখা দেয়?**

ক ভাগ্যের  খ মুনাফার  গ অনিশ্চয়তার  ঘ ঝুঁকির

**৪২. ব্যবসায় প্রতিষ্ঠানের দৃষ্টিকোণ থেকে ঝুঁকি কত প্রকার?**

ক ২  খ ৩  গ ৪  ঘ ৫

**৪৩. নিচের কোনটি ব্যবসায় প্রতিষ্ঠানের দৃষ্টিকোণ থেকে ঝুঁকির উৎস?**

ক তারল্য ঝুঁকি  খ আর্থিক ঝুঁকি

গ সুদ হারের ঝুঁকি  ঘ ব্যবসায়িক ঝুঁকি

**৪৪. পরিচালন ব্যয় কোনটি?**

ক কাঁচামাল ক্রয়  খ পুরাতন গাড়ি মেরামত করা

গ অবচয়  ঘ আয়কর

**৪৫. খরচ পরিশোধের অক্ষমতা থেকে কী সৃষ্টি হয়?**

ক আর্থিক ঝুঁকি  খ তারল্য ঝুঁকি

গ ব্যবসায়িক ঝুঁকি  ঘ সুদ হারের ঝুঁকি

**৪৬. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় জড়িত ধাপ—**

ক বাট্টার হার নির্ধারণ  খ মুনাফার হার নির্ধারণ

গ ঝুঁকির হার নির্ধারণ  ঘ সুদের হার নির্ধারণ

**৪৭. গড় মুনাফার হার নির্ণয়ের সূত্র কোনটি?**

ⓚ $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$ ⓚ $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$

ⓖ $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{মোট বিনিয়োগ}}$ ⓖ $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{মোট বিনিয়োগ}}$

**৪৮. মূলধন বাজেটিং-এর পদ্ধতি কয়টি?**

ⓚ দুইটি ⓚ তিনটি ⓖ চারটি ⓖ পাঁচটি

**৪৯. মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচন করতে হয়–**

i. নগদ প্রবাহ প্রাক্কলনের পর ii. বাট্টা হার নির্ধারণের পর

iii. বহিঃপ্রবাহ নির্ধারণের পর

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii খ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫০ নং প্রশ্নের উত্তর দাও :**

অরিন নিজস্ব অর্থায়নে আরোগ্য নিকেতন নামে একটি নার্সিং হোম প্রতিষ্ঠা করেন।

**৫০. অরিন মূলধন বাজেটিং-এ কোন সিদ্ধান্ত নেবেন?**

ⓚ ঔষধ ক্রয় ⓚ প্যাড তৈরি ⓖ মূল্য নির্ধারণ ⓖ এক্সরে মেশিন ক্রয়

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫১ ও ৫২ নং প্রশ্নের উত্তর দাও :**

বিহঙ্গ এন্টারপ্রাইজ একটি প্রকল্পে ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করে যা থেকে আগামী ৫ বছরে নগদ প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। পে-ব্যাক সময় পদ্ধতিতে প্রকল্পটির মূলধন বাজেটিং করা হয়।

**৫১. প্রকল্পটির পে-ব্যাক সময় কত?**

ⓚ ৩ বছর ⓚ ৩ বছর ৬ মাস ⓖ ৪ বছর ৬ মাস ⓖ ৫ বছর

**৫২. প্রকল্পটির মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচনের সীমাবদ্ধতা হলো–**

i. সবকটি বছরের নগদ প্রবাহ গণনা করা হয়নি

ii. বিনিয়োগকৃত টাকার সময়মূল্য বিবেচিত হয়নি

iii. লাভের কোনো নির্দিষ্ট হার নেই

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৫৩. ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য কোন ধরনের সিদ্ধান্তের ওপর নির্ভর করে?**
ⓚ স্বল্পমেয়াদি বিনিয়োগ ⓚ দীর্ঘমেয়াদি বিনিয়োগ
ⓖ স্বল্পমেয়াদি অর্থায়ন ⓘ দীর্ঘমেয়াদি অর্থায়ন

**৫৪. ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য ও টিকে থাকা নির্ভর করে কিসের ওপর?**
ⓚ মোট মুনাফা অর্জন ক্ষমতার ওপর
ⓚ দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের ওপর
ⓖ স্থায়ী সম্পত্তি অর্জনের ক্ষমতার ওপর
ⓘ সম্পত্তি নগদায়ন ক্ষমতার ওপর

**৫৫. নিচের কোনটি ব্যবসায় প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তি?**
ⓚ নগদ অর্থ ⓚ কাঁচামাল ⓖ দালানকোঠা ⓘ বিনিয়োগের সুদ

**৫৬. নিচের কোনটি দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত?**
ⓚ কাঁচামাল ক্রয় ⓚ শ্রমিকের মজুরি প্রদান
ⓖ উৎপাদন পদ্ধতি আধুনিকায়ন ⓘ ঋণের সুদ প্রদান

**৫৭. নিচের কোন ক্ষেত্রে একজন ব্যবসায়ী মূলধন বাজেটিংয়ের নীতিমালা অনুসরণ করবেন?**
ⓚ স্বল্পমেয়াদি বিনিয়োগের গুরুত্ব নির্ণয়ে
ⓚ দীর্ঘমেয়াদি বিনিয়োগের লাভজনকতা মূল্যায়নে
ⓖ চলতি ব্যয় নির্বাহের উৎস নির্বাচনে
ⓘ কর ফাঁকি দেয়ার পথ অনুসন্ধানে

**৫৮. কোনটি দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে?**
ⓚ অর্থায়নের নীতিমালা ⓚ উৎপাদন প্রক্রিয়া
ⓖ অর্থায়নের প্রক্রিয়া ⓘ অভ্যন্তরীণ মুনাফা

**৫৯. নিচের কোনটি দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত নয়?**
ⓚ মুদি দোকানের জন্য ফ্রিজ ক্রয়
ⓚ দর্জি দোকানের জন্য সেলাই মেশিন ক্রয়
ⓖ সেলুনের চুল কাটার মেশিন ক্রয়
ⓘ কর্মচারীদের বেতন প্রদানের সিদ্ধান্ত

**৬০. মূলধন বাজেটিং কোন ধরনের প্রক্রিয়া?**
ⓚ মূল্যায়ন ⓚ বিনিয়োগ ⓖ সিদ্ধান্ত ⓘ নীতি

**৬১. নিচের কোনটি অর্থায়নের মূল্যায়ন প্রক্রিয়া?**
ⓚ অর্থায়ন সিদ্ধান্ত ⓚ বিনিয়োগ সিদ্ধান্ত
ⓖ মূলধন বাজেটিং ⓘ আদর্শ বিচ্যুতি

**৬২. আয়-ব্যয় প্রাক্কলন শেষে এসব সিদ্ধান্তের কী নির্ণয় করতে হয়?**
ⓚ নিট নগদ প্রবাহ ⓚ অবচয় ⓖ মূলধনী ব্যয় ⓘ পরিচালন ব্যয়

**৬৩. নিট মুনাফা কীভাবে নির্ণয় করা হয়?**
ⓚ বিক্রয় থেকে কর বাদ দিয়ে
ⓚ বিক্রয় থেকে স্থায়ী খরচ বাদ দিয়ে
ⓖ বিক্রয় থেকে করসহ সব খরচ বাদ দিয়ে
ⓘ বিক্রয় থেকে করসহ চলতি খরচ বাদ দিয়ে

**৬৪. মুনাফার সাথে কোনটি যোগ করলে নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যায়?**
ⓚ আয় ⓚ ব্যয় ⓖ অবচয় ⓘ অগ্রিম আয়

**৬৫. কোনো বিনিয়োগের আন্তঃপ্রবাহ বহিঃপ্রবাহ থেকে বেশি হলে নিচের কোনটি হয়?**
ⓚ বিনিয়োগটি লাভজনক ও গ্রহণযোগ্য বিবেচিত হয়
ⓚ বিনিয়োগটি অলাভজনক ও পরিবর্তনযোগ্য বিবেচিত হয়
ⓖ বিনিয়োগটি লাভজনক ও পরিবর্তনযোগ্য বিবেচিত হয়
ⓘ বিনিয়োগটি লাভজনক ও অগ্রহণযোগ্য বিবেচিত হয়

**৬৬. বিনিয়োগ সিদ্ধান্তের আয়-ব্যয় প্রাক্কলন করে কী বিশ্লেষণ করা হয়?**
ⓚ সম্ভাব্য লাভজনকতা ⓚ সম্ভাব্য ঝুঁকির পরিমাণ
ⓖ সম্ভাব্য লোকসান ⓘ সম্ভাব্য সুযোগ

**৬৭. মূলধন বাজেটিং ব্যবসায় প্রতিষ্ঠানের কোন ধরনের সিদ্ধান্তের সাথে জড়িত?**
ⓚ স্বল্পমেয়াদি বিনিয়োগ ⓚ দীর্ঘমেয়াদি বিনিয়োগ

(গ) স্বল্পমেয়াদি অর্থায়ন (ঘ) দীর্ঘমেয়াদি অর্থায়ন

**৬৮. আকরাম হোসেন একজন বিনিয়োগকারী তিনি বিভিন্ন প্রকল্প হতে লাভজনক প্রকল্পটি বাছাই করতে কোন প্রক্রিয়ার সাহায্য নেবেন?**
(ক) আদর্শ বিচ্যুতির (খ) মূলধন বাজেটিংয়ের
(গ) মুনাফা নীতির (ঘ) তারল্য নীতির

**৬৯. ব্যবসায় প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তির ক্রয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোনটি প্রয়োগ করা হয়?**
(ক) মূলধন বাজেটিং (খ) অবচয় পদ্ধতি
(গ) নগদায়ন পদ্ধতি (ঘ) অর্থায়ন প্রক্রিয়া

**৭০. ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য জমি, দালানকোঠা, যন্ত্রপাতি ইত্যাদি ক্রয় করতে কোনটির প্রয়োজন?**
(ক) স্বল্পমেয়াদি অর্থায়ন সিদ্ধান্ত (খ) দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ
(গ) দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত (ঘ) অর্থায়ন সিদ্ধান্ত সঠিকভাবে মূল্যায়ন

**৭১. বাণিজ্যিক ব্যাংক কোন ধরনের আর্থিক প্রতিষ্ঠান?**
(ক) প্রকল্পভিত্তিক (খ) বিনিয়োগভিত্তিক
(গ) মুনাফাভিত্তিক (ঘ) জনকল্যাণভিত্তিক

**৭২. বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য কী?**
(ক) মূলধন গঠন (খ) নিরাপত্তা প্রদান
(গ) মুনাফা অর্জন (ঘ) কর্মসংস্থান সৃষ্টি

**৭৩. বাণিজ্যিক ব্যাংক গঠিত হয় কেন?**
(ক) যুগের আধুনিকায়নের ফলে
(খ) সম্পদের সুষম বণ্টনের উদ্দেশ্যে
(গ) মুনাফা অর্জনের মৌলিক উদ্দেশ্যে
(ঘ) দেশের অভ্যন্তরে ও বাহিরে অর্থ স্থানান্তর করতে

**৭৪. বাণিজ্যিক ব্যাংকের বিশেষ উদ্দেশ্য কী?**
(ক) মুনাফা অর্জন (খ) জনকল্যাণ
(গ) বিনিয়োগ বৃদ্ধি (ঘ) মূলধন গঠন

**৭৫. চেক, হুন্ডি, বিনিময় বিল ইত্যাদি বাণিজ্যিক ব্যাংক কী হিসেবে ব্যবহার করে থাকে?**
(ক) বিনিময়ের মাধ্যম হিসেবে (খ) ঋণ আমানত সৃষ্টিতে
(গ) মূলধন গঠনে (ঘ) সঞ্চয় প্রবণতা সৃষ্টিতে

**৭৬. বাণিজ্যিক ব্যাংক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে কীভাবে?**
(ক) অর্থনীতিতে প্রসার ঘটিয়েখ সম্পদের সুষম বণ্টন করে
(গ) সঞ্চয় প্রবণতা বৃদ্ধি করে (ঘ) ধনী-দরিদ্রের দূরত্ব হ্রাস করে

**৭৭. বাণিজ্যিক ব্যাংক জনগণের মধ্যে কোন ধরনের প্রবণতা সৃষ্টি করে?**
(ক) খরচের প্রবণতা (খ) আমদানির প্রবণতা
(গ) আয়ের প্রবণতা (ঘ) সঞ্চয়ের প্রবণতা

**৭৮. ব্যাংকের সেবাকে কয় ভাগে ভাগ করা হয়?**
(ক) ২ ভাগে (খ) ৩ ভাগে
(গ) ৪ ভাগে (ঘ) ৫ ভাগে

**৭৯. কোনটি দেশের মূলধন গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে?**
(ক) সঞ্চয় (খ) নোট ইস্যু
(গ) ঋণ আমানত (ঘ) বৈদেশিক বিনিময়

**৮০. বাণিজ্যিক ব্যাংকের গুরুত্বপূর্ণ কাজ কোনটি?**
(ক) নোট ইস্যু করা (খ) মূলধন গঠন করা
(গ) অছি হিসেবে কাজ করা (ঘ) ঋণ প্রদান করা

**৮১. ব্যাংকের আয়ের প্রধান উৎস কী?**
(ক) সুদ (খ) কমিশন (গ) বাট্টা (ঘ) সার্ভিস চার্জ

**৮২. কোনটির দ্বারা বাণিজ্যিক ব্যাংক আমানত সৃষ্টি করে?**
(ক) ঋণের (খ) সঞ্চয়ের (গ) বিনিময়ের ঘ বন্ধকের

**৮৩. কোন ব্যাংক গ্রাহকের সম্পত্তির অছি এবং সংস্থার আর্থিক সনদ প্রদান করে?**
(ক) কেন্দ্রীয় ব্যাংক (খ) বাণিজ্যিক ব্যাংক
(গ) যৌথ মালিকানাধীন ব্যাংক (ঘ) বিশেষায়িত ব্যাংক

**৮৪. বাণিজ্যিক ব্যাংকের অন্যতম কাজ কী?**
(ক) আমদানি রপ্তানি কাজে সহায়তা করা (খ) অর্থ স্থানান্তর করা
(গ) আঞ্চলিক উন্নয়ন করা (ঘ) ঋণ নিয়ন্ত্রণ করা

**৮৫. সংরক্ষিত তহবিল কী?**

ⓚ ঋণপত্র বিক্রয় করে তহবিল সংগ্রহ
ⓚ বিভিন্ন মেয়াদে আমানত গ্রহণ
ⓖ কেন্দ্রীয় ব্যাংক হতে তহবিল সংগ্রহ
ⓖ ভবিষ্যতের জন্য সঞ্চিত মুনাফার একটি অংশ

**৮৬. কোনটি বাণিজ্যিক ব্যাংকের মুনাফার মূল উৎস?**

ক কমিশন　　খ সুদ
গ চার্জ　　ঘ মুদ্রা বিনিময়

**৮৭. ট্রাভেলারস চেক হতে বাণিজ্যিক ব্যাংক কী পায়?**

ক চার্জ　　খ কমিশন
গ সুদ　　ঘ বাট্টা

**৮৮. দারিদ্র্য দূরীকরণে বাণিজ্যিক ব্যাংকের প্রকল্প হলো–**

i. হাঁস-মুরগির খামার প্রতিষ্ঠা
ii. মাছের চাষ
iii. গরু-মহিষের খামার

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**৮৯. মুদ্রাবাজারে ঋণ নিয়ন্ত্রণ করা একান্ত জরুরি। কারণ এটি–**

i. অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করে
ii. আঞ্চলিক উন্নয়নে ভূমিকা রাখে
iii. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৯০ ও ৯১ নং প্রশ্নের উত্তর দাও :**

রাহিমের কাছে ১০,০০০ টাকার একটি বিল আছে যা তিন মাস পরে মেয়াদপূর্তি হবে। কিন্তু তার আগেই টাকার প্রয়োজন হলে রাহিম ব্যাংকে গেল বিলটি ভাঙাতে। ব্যাংক তাকে ৯,৫০০ টাকা দিল।

**৯০. রাহিমের ব্যাংক থেকে কম মূল্য পাওয়াকে কী বলে?**

ক নগদ বাট্টাকরণ
খ বিনিময় বিল বাট্টাকরণ
গ ব্যবসায় বাট্টাকরণ
ঘ তালিকা মূল্যের বাট্টাকরণ

**৯১. উপরিউক্ত ঘটনায় ব্যাংকের মুনাফা কত?**

ক ২০০ টাকা　　খ ৫০০ টাকা
গ ৮০০ টাকা　　ঘ ৯,৫০০ টাকা

**নিচের উদ্দীপকটি পড়ে ৯২ ও ৯৩ নং প্রশ্নের উত্তর দাও :**

মি. আহাদ একজন ব্যবসায়ী। তার ব্যবসায়ের মালামাল ক্রয় করার জন্য কিছু অর্থের প্রয়োজন হয়। তিনি একটি বাণিজ্যিক ব্যাংকের দ্বারস্থ হলে, ব্যাংকের কর্মকর্তা তাকে জানান ঋণ পেতে হলে তাকে ব্যাংকের যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

**৯২. ব্যাংক থেকে ঋণ পেতে মি. আহাদকে কী করতে হবে?**

ক ব্যাংকে পরিচিত হতে হবে
খ সুপারিশ করতে হবে
গ অর্থ সঞ্চয় করতে হবে
ঘ ব্যাংক হিসাব খুলতে হবে

**৯৩. ব্যাংকের সাথে উক্ত সম্পর্কের ফলে মি. আহাদ-**

i. অর্থ স্থানান্তর করতে পারবেন
ii. লেনদেন নিষ্পত্তি করতে পারবেন
iii. ব্যয়ের পরিমাণ বৃদ্ধি করতে পারবেন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**৯৪. ব্যাংকে মূলত কয় ধরনের হিসাব থাকে?**

ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

**৯৫. কোন হিসাবের মাধ্যমে যতবার খুশি টাকা রাখা যায় এবং উত্তোলন করা যায়?**
ক সঞ্চয়ী হিসাব খ স্থায়ী হিসাব
গ চলতি হিসাব ঘ ঋণ আমানতি হিসাব

**৯৬. কোনটি ব্যাংকের চলতি হিসাবের বৈশিষ্ট্য নির্দেশ করে?**
ক যে কোনো পরিমাণ অর্থ দিয়ে এ হিসাব খোলা যায়
খ এ আমানত ব্যাংক বিনিয়োগ করতে পারে
গ ব্যাংক আমানতের বিপরীতে সুদ দিতে বাধ্য
ঘ চাহিবামাত্র ব্যাংক মক্কেলকে অর্থ প্রদান করে

**৯৭. নগদ লেনদেনের জন্য কোন হিসাব সবচেয়ে সুবিধাজনক?**
ক চলতি হিসাব খ স্থায়ী হিসাব
গ সঞ্চয়ী হিসাব ঘ মেয়াদি হিসাব

**৯৮. কোন হিসাবে সাধারণত সুদ প্রদান করা হয় না?**
ক চলতি হিসাব খ সঞ্চয়ী হিসাব
গ স্থায়ী হিসাব ঘ বৈদেশিক মুদ্রা সঞ্চয়ী হিসাব

**৯৯. কোন হিসাবের মাধ্যমে জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়?**
ক বৈদেশিক মুদ্রা স্থায়ী হিসাব খ চলতি হিসাব
গ স্থায়ী হিসাব ঘ সঞ্চয়ী হিসাব

**১০০. চলতি আমানতের টাকা ব্যাংক বিনিয়োগ করতে অপরাগ হয় কেন?**
ক মুনাফার পরিমাণ কম হয় বলে
খ জমাকৃত টাকার ওপর সুদ দেওয়া হয় না বলে
গ গ্রাহককে চাহিবামাত্র অর্থ প্রদান করতে হয়
ঘ ব্যাংকের পরিচালনা ব্যয় অধিক হয় বলে

**১০১. তারেক ব্যবসায়িক প্রয়োজনে ব্যাংক থেকে অর্থ উত্তোলন করতে গিয়ে দেখলেন তার ব্যাংক হিসাবে পর্যাপ্ত অর্থ নেই। কিন্তু তা সত্ত্বেও তিনি অর্থ উত্তোলন করতে সমর্থ হলেন। ব্যাংক তারেককে টাকা প্রদানের কারণ কী?**
ক প্রশাসনিক হস্তক্ষেপ ছিল খ অর্থনৈতিক সমৃদ্ধির আশায়
গ জমাতিরিক্ত ঋণ দিয়েছে ঘ ব্যবসায়িক ঋণ দিয়েছে

**১০২. কোন হিসাবে যতবার খুশি টাকা জমা রাখা যায় কিন্তু নিয়ম ব্যতীত টাকা উত্তোলন অসম্ভব?**
ক চলতি হিসাব খ স্কুল সঞ্চয়ী হিসাব
গ স্থায়ী হিসাবে ঘ সঞ্চয়ী হিসাব

**১০৩. সঞ্চয়ী হিসাবের মাধ্যমে সপ্তাহে কতবার টাকা উত্তোলন করা যায়?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

**১০৪. সঞ্চয়ী হিসাব কাদের জন্য অধিক উপযোগী?**
ক নির্দিষ্ট আয়ের জনগণ খ অধিক আয়ের ব্যবসায়ী
গ অনির্দিষ্ট আয়ের জনগণ ঘ ক্ষুদ্র ব্যবসায়ী

**১০৫. স্বল্প পরিমাণ লেনদেনের গ্রাহক কোন হিসাব খোলে?**
ক মেয়াদি আমানত হিসাব খ সঞ্চয়ী হিসাব
গ স্থায়ী হিসাব ঘ চলতি হিসাব

# অধ্যায়-4-অর্থের সময়মূল্য

**১। জনাব আলীম সাহেব একটি বাণিজ্যিক ব্যাংকের ৬ বছরে টাকা দ্বিগুণ হওয়ায় পলিসিতে ২ লক্ষ টাকা জমা রাখতে গিয়ে তার বন্ধুর পরামর্শে ব্যাংকে না রেখে ১৩% মুনাফায় একই মেয়াদের সঞ্চয়পত্র ক্রয় করেন।**

ক) সুদের হারের কারণে বর্তমান ও ভবিষ্যৎ সময়ের মধ্যে কিসের পার্থক্য সৃষ্টি হয়? ১
খ) চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা কর। ২
গ) জনাব আলীমের অর্থের ভবিষ্যৎ মূল্য চক্রবৃদ্ধি প্রক্রিয়ায় নির্ণয় কর। ৩
ঘ) অর্থ বিনিয়োগের ক্ষেত্রে জনাব আলীমের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

**২। জনাব ফরহাদ সাহেব তার সঞ্চিত ১০ লক্ষ টাকা ১০% সুদে ১০ বছরের জন্য পদ্মা ব্যাংকে জমা রাখতে চাইল। কিন্তু তার স্ত্রী সালমা তাকে ব্যাংকে জমা না রেখে নিজ পৌরসভায় জমি কেনার পরামর্শ দেন, যেখানে ৮ বছরে জমির মূল্য দ্বিগুণ হওয়ায় এবং উক্ত সময়ের মধ্যে জমি থেকে অতিরিক্ত ২ লক্ষ টাকা আয়ের নিশ্চয়তা আছে। বিষয়টি নিয়ে জনাব ফরহাদ সাহেব সিদ্ধান্তহীনতায় ভুগছে।**

ক) বাট্টাকরণ প্রক্রিয়ায় অর্থের কোন মূল্যকে ভাগ করা হয়? ১
খ) অর্থের বর্তমান ও ভবিষ্যৎ মূল্যের পার্থক্যকারী উপাদানটি ব্যাখ্যা কর। ২
গ) পদ্মা ব্যাংকের শর্তানুযায়ী জনাব ফরহাদের অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩
ঘ) বিনিয়োগের জন্য জনাব ফরহাদের কোন ক্ষেত্রটি বাছাই করা উচিত বলে মনে কর? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

**৩। কমল 'চন্দ্র ব্যাংক'-এর একটি সঞ্চয়ী স্কিমে প্রতি বছর ২৪,০০০ টাকা করে জমা রাখেন যার মেয়াদ ৫ বছর এবং সুদের হার ১০%। তাঁর ব্যাংকার বন্ধু তাঁকে পরবর্তীতে সমমেয়াদে ও সমহারে প্রতি মাসে ২,০০০ টাকা করে সঞ্চয় স্কিমে জমা করার পরামর্শ দেন।**

ক) ভোক্তা ঋণ কী? ১
খ) অর্থের সময়মূল্যের মূল কারণ ব্যাখ্যা কর। ২
গ) মেয়াদ শেষে কমল 'চন্দ্র ব্যাংক' থেকে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩
ঘ) কমলের জন্য বন্ধুর পরামর্শ গ্রহণ করা যুক্তিসংগত হবে কি না?— সিদ্ধান্ত দাও। ৪

**৪। জনাব কাইউম তার জমি ৬,০০,০০০ টাকায় বিক্রি করে সোনালী ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখার সিদ্ধান্ত নেন। এক্ষেত্রে ব্যাংক তাকে ১৪% হারে সুদ প্রদান করবে। ব্যাপারটি তিনি তার বড় ভাই জনাব নাহিনকে জানালে তিনি জনাব কাইউমকে জমি বিক্রি করতে নিষেধ করেন। কারণ ৫ বছর পরে জমিটি আড়াই গুণ দামে বিক্রি করা যাবে।**

ক) অর্থায়ন সিদ্ধান্তের সাথে কোন ধারণাটি জড়িত? ১
খ) এক বছর পরের ১০০ টাকার চেয়ে বর্তমান ১০০ টাকার মূল্য অধিক কেন? ২
গ) জনাব কাইউম জমি বিক্রয়ের অর্থ সোনালী ব্যাংকে জমা রাখলে ৫ বছর পর কত টাকা পাবেন? ৩
ঘ) জনাব কাইউমের জন্য জমি বিক্রয়ের সিদ্ধান্তটি পরিবর্তন করা কতটা যুক্তিসংগত হবে বলে মনে কর। ৪

**৫। লিয়াকত হোসেন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। ভবিষ্যতে ব্যবসায় সম্প্রসারণের বিষয়টি বিবেচনায় রেখে একটি বাণিজ্যিক ব্যাংকে ৮ বছরে টাকা তিনগুণ হওয়ার পলিসিতে ৫ লক্ষ টাকা রাখার সিদ্ধান্ত নেন। কিন্তু তার বন্ধু তাকে ব্যাংকে অর্থ জমা না রেখে একই মেয়াদে ১৩% মুনাফায় সঞ্চয়পত্র ক্রয় করার পরামর্শ দেন।**

ক) কিসের টাকা পরিশোধ করা বাধ্যতামূলক? ১
খ) 'রুল ৭২' ব্যাখ্যা কর। ২
গ) লিয়াকত হোসেনের সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩
ঘ) বিনিয়োগের জন্য কোন প্রকল্পটি বেছে নেয়া লিয়াকত হোসেনের জন্য অধিক লাভজনক বলে মনে কর। উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৬। সাইফুল ইসলাম তার ব্যবসায়ের আর্থিক সংকট নিরসনের জন্য বন্ধু আকবর হোসেনের নিকট ১,০০,০০০ টাকা ধার চাইলেন। আকবর হোসেন তাকে ৩ বছরের জন্য উক্ত টাকা ঋণ দিতে রাজি হলেন। সাইফুল ইসলাম তার বন্ধুকে ৩ বছর পর উক্ত অর্থ ১২% চক্রবৃদ্ধি সুদসহ ফেরত দিবেন বলে কথা দিলেন।**

ক) চক্রবৃদ্ধির ক্ষেত্রে কিসের ওপর সুদ গণনা করা হয়? ১
খ) কারবার প্রতিষ্ঠান দেউলিয়া হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২
গ) সাইফুল ইসলাম ৩ বছর পর বন্ধুকে কত টাকা পরিশোধ করবে? ৩
ঘ) সাইফুল ইসলাম ত্রৈমাসিক চক্রবৃদ্ধির ভিত্তিতে বন্ধুকে ৩ বছর পর ঋণ পরিশোধ করলে কতটুকু যুক্তিযুক্ত হবে বলে তুমি মনে কর। ৪

**৭। খুলনায় আবদুল খালেকের একটি কাগজ তৈরির কারখানা রয়েছে। ৫ বছর পর তার কারখানার ৩,০০,০০০ টাকার একটি মেশিনের আনুমানিক আয়ুষ্কাল শেষ হয়ে যাবে। সে সময় উক্ত মেশিনের পরিবর্তে একটি নতুন মেশিন প্রতিস্থাপন করার লক্ষ্যে তিনি প্রয়োজনীয় টাকা এখন ব্যাংকে জমা রাখতে চান। যমুনা ব্যাংক তাকে বার্ষিক ১০% হারে এবং রূপালী ব্যাংক তাকে মাসিক ৯.৫% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। আবদুল খালেক কোন প্রকল্পটি গ্রহণ করবেন সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে পারছেন না।**

ক) বাট্টাকরণ প্রক্রিয়া কী? ১
খ) প্রকল্প মূল্যায়ন ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ) যমুনা ব্যাংকের শর্তানুযায়ী আবদুল খালেকের অর্থের বর্তমান মূল্য কত? ৩
ঘ) আবদুল খালেকের কোন ব্যাংকের প্রস্তাব গ্রহণ করা উচিত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৮। মাহফুজ ও মঈন দুই ভাই এবং দুজনেই ক্ষুদ্র ব্যবসায়ী। ব্যবসায় সম্প্রসারণ করতে গিয়ে মঈন আর্থিক সংকটের সম্মুখীন হোন। মঈন তার আর্থিক সংকটের কথা মাহফুজকে জানালে সে তাকে ৫০,০০০ টাকা ঋণ দেয়। মঈন তার ভাইকে ২ বছর পর ঋণের টাকা পরিশোধ করবে বলে জানায়। বর্তমান বাজারে সুদের হার ১৩%।**

ক) বাট্টার হার কম হলে বর্তমান মূল্য কী হবে? ১
খ) অর্থের সময়মূল্য জানতে হবে কেন? ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকের আলোকে ২ বছর পরের ৫০,০০০ টাকার বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ) মঈন যদি তার ভাই মাহফুজকে ৫ বছর পরে তার ঋণের টাকা ফেরত দেয় তাহলে উক্ত অর্থের বর্তমান মূল্যের ক্ষেত্রে কোনো তারতম্য হবে কি? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

**৯। জনাব আনিস তার গ্রামে একটি আইসক্রিম তৈরির কারখানা প্রতিষ্ঠাপন করলেন। কারখানাটি প্রতিষ্ঠাপন করার জন্য তিনি গ্রামের এক মহাজনের নিকট হতে মাসিক ২% চক্রবৃদ্ধি সুদে ২ বছরের জন্য ২,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করলেন। তবে তিনি চাইলে ঋণের টাকা বার্ষিক ২৫% হার সুদেও প্রদান করতে পারেন।**

ক) ঋণ গ্রহণের আগে কোনটি বিবেচনা করতে হয়? ১
খ) অর্থের আন্তঃপ্রবাহ বলতে কী বোঝ? ২
গ) জনাব আনিসের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩
ঘ) জনাব আনিসের জন্য কোন কিস্তিতে ঋণ পরিশোধ করা উচিত হবে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**১০। জনাব বরকত তার ছেলেকে ৫ বছর পর ১,২০,০০০ টাকা দিয়ে একটি মটর বাইক কিনে দিতে চায়। তাই সে বর্তমানে ব্যাংকে দ্বিমাসিক চক্রবৃদ্ধিতে ১০% সুদে ৭০,০০০ টাকা রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন।**

ক) কোনো বিনিয়োগ দ্বিগুণ হতে কত সময় লাগবে তা কোন সূত্রের মাধ্যমে সহজেই নির্ণয় করা যায়? ১
খ) অর্থের বর্তমান মূল্য কী? ২
গ) ব্যাংকটির প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩
ঘ) জনাব বরকতের সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

**১১। জনাব নাঈম তার জমি বিক্রির ৫,০০,০০০ টাকা দিয়ে ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাব খোলার সিদ্ধান্ত নেন। এক্ষেত্রে AB ব্যাংকে গেলে শতকরা ১৪% মাসিক চক্রবৃদ্ধি হারে এবং SA ব্যাংকে গেলে শতকরা ১৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ দিবে বলে জানায়।**

ক) ব্যাংকে টাকা জমা রাখলে কিসের ভিত্তিতে চক্রবৃদ্ধি হয়? ১
খ) সুদের হারের সাথে অর্থের সময়মূল্যের সম্পর্কটি উদাহরণসহ ব্যাখ্যা কর। ২
গ) AB ব্যাংক থেকে নাঈম ১০ বছর পর কত টাকা পাবে? নির্ণয় কর। ৩
ঘ) নাঈমের কোন ব্যাংকে হিসাব খোলা যুক্তিযুক্ত হবে? ৪

**১২। জাহিদ ও মাহফুজ দুজনেই খুব ভালো বন্ধু। মাহফুজ জাহিদের কাছ থেকে ১০,০০০ টাকা ধার নিল তার ভাইয়ের চিকিৎসার জন্য। ধার নেয়ার সময় মাহফুজ জাহিদকে তার টাকাগুলো ২ বছর পর ফেরত দিবে বলে চলে গেল। বর্তমানে বাজারে সুদের হার ১৪%।**

ক) আসল থেকে প্রাপ্ত মুনাফাকে কী বলে? ১
খ) অর্থের সময়মূল্য জানতে হবে কেন? ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপক থেকে জাহিদের অর্থের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ) জাহিদের বন্ধু যদি ৫ বছর পর দেনা পরিশোধ করে তাহলে বর্তমান মূল্যের ক্ষেত্রে কোনো তারতম্য হবে কি? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

# অধ্যায়-৫-ঝুঁকি অনিশ্চয়তা


**১৩। জনাব আফজাল তার সঞ্চিত অর্থ দিয়ে প্রাইড লি. কোম্পানির শেয়ার ক্রয় করেন। কারণ তিনি জানেন শেয়ার ক্রয়ে তারল্য ঝুঁকি কম। তার এই বিনিয়োগ থেকে গত দশ বছরে প্রাপ্ত আয়ের হার যথাক্রমে ১০%, ২০%, – ৫%, ১৫%, ৩৫%, ১০%, ২৫%, ৩০%, ১২% ও ০%।**

ক) মুনাফাসংক্রান্ত অনিশ্চয়তা কখন সৃষ্টি হয়? ১
খ) কোম্পানির ম্যানেজার দুর্ঘটনায় মারা যেতে পারেন- এটি ঝুঁকি নয় কেন? ২
গ) জনাব আফজালের বিনিয়োগের ঝুঁকি নির্ণয় কর। ৩
ঘ) আফজাল সাহেবের অভিমতের সাথে তুমি কি একমত? যুক্তি দাও। ৪

**১৪। জনাব শুভ ২০১৬ সালে মাধ্যমিক মূলধন বাজার থেকে ৫ লক্ষ টাকা মূল্যের সাত্তার ইন্টারন্যাশনাল কোম্পানির শেয়ার ক্রয় করেছিলেন। গত পাঁচ বছরে উক্ত কোম্পানি হতে তার প্রাপ্ত আয়ের হার যথাক্রমে ১২%, ৮%, ১৭%, -৪% ও ১৩%। তিনি তার শেয়ারগুলো বিক্রি করে বিক্রয়লব্ধ অর্থ ব্যাংক এশিয়াতে জমা রাখার সিদ্ধান্ত নিয়েছেন। সেক্ষেত্রে ব্যাংক তাকে ১০% হারে সুদ প্রদান করবে।**

ক) কিসের বিচ্যুতি থেকে ঝুঁকি সৃষ্টি হয়? ১
খ) বিনিয়োগের মূল্য ওঠানামা করে কেন? ২
গ) জনাব শুভর আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ) জনাব শুভর শেয়ার বিক্রয় করে বিক্রয়লব্ধ অর্থ ব্যাংকে জমা রাখার সিদ্ধান্তটি কতটা যুক্তিসংগত বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**১৫। 'ক' পাবলিক লিমিটেড কোম্পানি তার বিনিয়োগকারীদের গত পাঁচ বছর নিম্নোক্ত হারে মুনাফা প্রদান করেছে-**



শামসুল হক ২০১৭ সালে এই কোম্পানিতে ২০ লাখ টাকা বিনিয়োগ করেছিলেন। কোম্পানির মুনাফা প্রদানের হারের উত্থান-পতন দেখে তিনি ২০২২ সালে ১৫% মুনাফা প্রত্যাশা করেছিলেন। কিন্তু বছর শেষে ২০% মুনাফা পাওয়ায় তিনি খুব খুশি হন।

ক) আর্থিক ঝুঁকি কী থেকে সৃষ্টি হয়? ১

খ) ট্রেজারি বিল ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা কর। ২

গ )শামসুল হক শোভন পাবলিক লিমিটেড কোম্পানিতে কোন ধরনের বিনিয়োগ করেছেন? বর্ণনা কর। ৩

ঘ) শামসুল হক তার প্রত্যাশার অতিরিক্ত যে মুনাফা পেলেন তা কী ঝুঁকির অন্তর্ভুক্ত হবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**১৬। জনাব রাশেদ একজন ফল ব্যবসায়ী। বছরের বিভিন্ন সময় তিনি বিভিন্ন অঞ্চলের উৎপাদকদের নিকট হতে কম মূল্যে ফল কিনে গুদামজাত করে রাখেন এবং উক্ত পণ্যের উৎপাদন সময় শেষ হলে তিনি তা ঢাকায় এনে অধিক মূল্যে বিক্রয় করে লাভবান হন। গত বছর তিনি রাজশাহী থেকে প্রচুর পরিমাণে আম ক্রয় করে সেখানে গুদামঘর ভাড়া নিয়ে মজুদ করে রেখেছিলেন। কিন্তু রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে তিনি সেই আম সময়মতো ঢাকায় এনে বিক্রি করতে না পারায় আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। কাঙ্ক্ষিত আয় অর্জিত না হওয়ায় তিনি গুদাম ভাড়া, কর্মচারীর বেতন, পরিবহন ভাড়া ইত্যাদি ব্যয় সুষ্ঠুভাবে নির্বাহে ব্যর্থ হন।**

ক) ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন কিসের ওপর নির্ভর করে? ১

খ) বহিস্থ অর্থায়নে বেশি ঝুঁকি কেন? ২

গ) জনাব রাশেদ কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হলেন? বর্ণনা কর। ৩

ঘ) জনাব রাশেদ উক্ত ব্যবসায়িক ঝুঁকি কীভাবে মোকাবিলা করতে পারে বলে তুমি মনে কর। ৪

**১৭। জনাব মাহমুদ সোনালী ব্যাংকের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা ছিলেন। সম্প্রতি তিনি অবসর গ্রহণ করেছেন। পেনশন বাবদ তিনি ব্যাংক হতে একটা বিশাল অঙ্কের টাকা পেয়েছেন। উক্ত টাকা দ্বারা তিনি একটি ব্যবসা প্রতিষ্ঠান চালু করতে চেয়েছিলেন। কিন্তু তার স্ত্রী তাকে উক্ত অর্থ কোনো একটি ঝুঁকিমুক্ত প্রকল্পে বিনিয়োগ করতে বলেন। কারণ এক্ষেত্রে আয় কিছুটা কম হলেও তিনি দুশ্চিন্তামুক্ত থাকবেন।**

ক) আদর্শ বিচ্যুতির বড় মান কী নির্দেশ করে? ১

খ) পণ্যের বাজার চাহিদা আবশ্যক কেন? ২

গ) কোন ধরনের প্রকল্পে বিনিয়োগ করলে জনাব মাহমুদের আয় ঝুঁকিমুক্ত থাকবে? বর্ণনা কর। ৩

ঘ) দেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব মাহমুদের মতো পেনশনভোগীদের ভূমিকা মুল্যায়ন কর। ৪

**১৮। ২০১১ সালের জানুয়ারি মাসে বিকাশ চন্দ্র 'স্বপ্নপূরণ' নামে একটি ডিপার্টমেন্টাল স্টোর চালু করেন। তিনি আশা করেছিলেন ডিপার্টমেন্টাল স্টোরের বিক্রয় খুব ভালো হবে এবং তিনি তার বিনিয়োগকৃত অর্থ হতে প্রতি বছর ২০% আয় উপার্জনে সক্ষম হবেন। কিন্তু বিভিন্ন রকম বাধা-বিপত্তির কারণে ডিপার্টমেন্টাল স্টোরের বিক্রয় প্রতি বছর ওঠানামা করে এবং তিনি তার প্রত্যাশিত আয় অর্জনে ব্যর্থ হন। নিচে 'স্বপ্নপূরণ ডিপার্টমেন্টাল স্টোরের' বিগত বছরের আয়ের হার দেয়া হলো :**

| বছর | আয় (%) |
|---|---|
| ২০১১ | ১৮ |
| ২০১২ | ২৪ |
| ২০১৩ | ২২ |
| ২০১৪ | ১৭ |
| ২০১৫ | ১৪ |

ক) খারাপ কোনো ঘটনা ঘটার আশঙ্কাকে কী বলে? ১

খ) ঝুঁকিবহুল আয় বলতে কী বোঝ? ২

গ) বিকাশ চন্দ্রের আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ) প্রত্যাশিত আয় অর্জিত না হওয়ায় বিকাশ চন্দ্র কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে পারেন বলে তুমি মনে কর? ৪

**১৯। ইকবাল সাহেব X ও Y নামক দুইটি প্রকল্পে সমান পরিমাণ অর্থ বিনিয়োগ করেছেন। কিন্তু আর্থিক সংকটের কারণে ইকবাল সাহেব যে কোনো একটি প্রকল্প চালু রাখার এবং অন্যটি বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। প্রকল্প দুইটির গত পাঁচ বছরের আয়ের হার নিম্নরূপ ছিল :**

| | **X প্রকল্প** | **Y প্রকল্প** |
|---|---|---|
| **বছর** | **আয় (%)** | **আয় (%)** |
| ২০১১ | ১৫ | ১৮ |
| ২০১২ | ২২ | ১৪ |
| ২০১৩ | ১৭ | ১৯ |
| ২০১৪ | ২০ | ২৫ |
| ২০১৫ | ২৩ | ১৯ |

ক) ট্রেজারি বিল কে ইস্যু করে? ১

খ) আর্থিক ঝুঁকি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ) ঢ ও ণ প্রকল্প দুইটির আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ) ইকবাল সাহেবের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২০। পলাশ মন্ডল ও পরাগ মন্ডল দুই ভাই। পড়াশোনা শেষ করে তারা তাদের গ্রামে একটি পোশাক তৈরির কারখানা স্থাপন করার সিদ্ধান্ত নেন। কারখানা চালু করার জন্য তারা তাদের পৈতৃক সম্পত্তি ব্যাংকে জমা রেখে ৫ বছরের জন্য ১০ লাখ টাকার ঋণ গ্রহণ করেন। কারখানার স্থায়ী খরচ নির্বাহ করতে উক্ত অর্থ ব্যয় হয়ে যাওয়ায় তারা কারবার পরিচালনা ব্যয় নির্বাহের জন্য পুনরায় বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেন। কিন্তু পরপর দুই বছর কারখানা থেকে তারা ভালো মুনাফা না পাওয়ায় পাওনাদারদের দায় পরিশোধে তারা বেশ জটিলতর সমস্যার সম্মুখীন হয়।

ক) কিসের উত্থান-পতন বেশি হলে ঝুঁকি বেশি হয়? ১
খ) আদর্শ বিচ্যুতি কেন ব্যবহার করা হয়? ২
গ) পলাশ মন্ডল ও পরাগ মন্ডলের ঝুঁকির ধরন বর্ণনা কর। ৩
ঘ) পলাশ মন্ডল ও পরাগ মন্ডল কীভাবে ব্যবসায় সাফল্য পেতে পারেন তা বিশ্লেষণ কর। ৪

# অধ্যায়-৬-মূলধনি আয়-ব্যয় প্রাক্কলন

২১। মারজানা কেমিক্যাল কোম্পানি একটি গোলাপজল উৎপাদন ও বিপণন প্রকল্প গ্রহণ করতে চায়। আয়-ব্যয় প্রাক্কলন করে দেখা যায় ৫বছর মেয়াদি এই প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ ৫ কোটি টাকা এবং বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ৫০ লক্ষ, ১.৫কোটি, ২ কোটি, ২.৫কোটি, ৭৫লক্ষ টাকা। অন্যন্য চলতি খরচ বিক্রয়ের ৩০% এবং কর ১৫%।

ক) মূলধন বাজেটিং কাকে বলে? ১
খ) বিনিয়োগের মূল্য ওঠা-নামা করে কেন ? ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকের আলোকে মারজানা কেমিক্যাল এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ) বার্ষিক বিক্রয়ের পরিমাণকে আন্তঃপ্রবাহ ধরলে মারজানা কেমিক্যালের পে-ব্যাক সময় কত হবে? নির্ণয় কর। ৪

২২। জনাব রাকিব একটি প্রকল্পে ৫০,০০০ টাকা বিনিয়োগ করার চিন্তা করেছেন, যা থেকে আগামী ৬ বছরে যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫০০০টাকা, ২০,০০০টাকা, ১০,০০০ টাকা, ২০,০০০টাকাা, ৩০,০০০টাকা পাওয়া যাবে। অবচয় ৪০০০টাকা।

ক) মূলধন বাজেটিং কী? ১
খ) পণ্য বৈচিত্র্যায়ন কী ? ব্যাখ্যা কর। ২
গ) জনাব রাকিবের প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ) জনাব রাকিব প্রকল্পের বিনিয়োগকৃত টাকা কত বছরের মধ্যে ফেরত পাবে? নির্ণয় কর। ৪

২৩। জনাব অঞ্জন "কাবেরী" এবং "চামেলী" নামে দুটি প্রকল্পের যে কোনো একটিতে ৩০,০০,০০০ টাকা ৬বছরের জন্য বিনিয়োগ করতে চান। প্রত্যেক প্রকল্পের বার্ষিক অবচয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকা। 'কাবেরী' প্রকল্পের পে-ব্যাক সময় ৩.৫ বছর। "চামেলী" প্রকল্পের নিট মুনাফা সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ

| বছর | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ |
|---|---|---|---|---|---|---|
| নিট মুনাফা | ৪,০০,০০০ | ৬,০০,০০০ | ৩,০০,০০০ | ৫,০০,০০০ | ৪,৫০,০০০ | ৫,৫০,০০০ |

ক) মোট মুনাফা থেকে কর বাদ দিলে কী পাওয়া যায়? ১
খ) সেলুনের জন্য হুইলচেয়ার ক্রয় কোন ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ২
গ) "চামেলী" প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ) জনাব অঞ্জনের কোন প্রকল্পে অর্থ বিনিয়োগ করা অধিক যুক্তিযুক্ত? পে-ব্যাক সময়ের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

২৪। জনাব শিমুল ৭৫,০০০ টাকা বিনিয়োগ করার চিন্তা করছেন। এক্ষেত্রে 'M' ও 'N' দুটি প্রকল্প থেকে আগামী ৫ বছরের নগদ আন্তঃপ্রবাহ নিম্নরুপ পাওয়া যাবে।

| বছর | M প্রকল্প | 'N' প্রকল্প |
|---|---|---|
| ২০০১ | ১০,০০০ | ২৫,০০০ |
| ২০০২ | ১৫,০০০ | ৩০,০০০ |
| ২০০৩ | ২০,০০০ | ১০,০০০ |
| ২০০৪ | ১০,০০০ | ১০,০০০ |
| ২০০৫ | ১৫,০০০ | ২০,০০০ |

ক) ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন কিসের উপর নির্ভর করে? ১
খ) বাট্টা হার প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ) 'M' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ) 'M' প্রকল্প ও 'N' প্রকল্পের মধ্যে কোনটি গ্রহণযোগ্য? মতামত দাও। ৪

২৫। ABC কোম্পানির হাতে দুটি প্রকল্প আছে। প্রত্যেক প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৬০,০০০টাকা এবং প্রকল্পের মেয়াদ ৪ বছর। জুঁই প্রকল্প থেকে আগামী ৪ বছরের প্রাক্কলিত আয় যথাক্রমে ৪০,০০০ টাকা, ৬০,০০০টাকা, ৫০,০০০টাকা ও ৮০,০০০ টাকা। চলতি খরচ আয়ের ২০%, স্থায়ী খরচ ৫,০০০টাকা এবং কর ৩০%। অপরদিকে বেলি প্রকল্পের কর পরবর্তী মুনাফা ৪০০০টাকা, ৫০০০টাকা, ৮০০০টাকা, ৬০০০টাকা। বেলি প্রকল্পের গড় মুনাফার হার ১৯.১৭%।

ক) মূলধন বাজেটিং কাকে বলে? ১
খ)মালিক রেস্টুরেন্টে ফ্যানের পরিবর্তে এসি লাগালে মূলধন বাজেটিং-এর কোন ধরনের প্রয়োজ হবে? ব্যাখ্যা কর। ২
গ) বেলি প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ) ABC কোম্পানির জন্য কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য? গড় মুনাফার হারের ভিত্তিতে মতামত দাও। ৪

**২৬। জনাব রাকিব পে-ব্যাক সময়ের ভিত্তিতে নিচের প্রকল্পটি গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছেন। প্রকল্পের মেয়াদ ৩ বছর প্রাথমিক বিনিয়োগ ৬ লক্ষ টাকা। প্রকল্পটি বাস্তবায়িত হলে আগামী ৩ বছরের বিক্রয় যথাক্রমে ৪ লক্ষ, ৭ লক্ষ ও ৬ লক্ষ টাকা। চলতি ব্যয় ৯৫,০০০ টাকা এবং স্থায়ী খরচ ৫৫,০০০ টাকা। কর হার ৩০%।**

ক) নগদ আন্তঃপ্রবাহ কী? ১
খ) বড় আকারের বিনিয়োগের ক্ষেত্রে মূলধন বাজেটিং-এর গুরুত্ব কী ব্যাখ্যা কর। ২
গ) প্রকল্পটির গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ) উদ্দীপকে পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক জনাব রাকিবের প্রকল্পটি গ্রহণ করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

**২৭। বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের ফলে সিনহা গ্রুপকে বর্তমানে পূর্বের তুলনায় অনেক বেশি প্রতিযোগিতার মুখোমুখি হতে হচ্ছে। এই প্রতিযোগিতায় টিকে থাকার জন্য নিজের উৎপাদন ক্ষমতা বাড়াতে প্রতিষ্ঠানটি সম্প্রতি চীন থেকে ৬০,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেছে। প্রতিষ্ঠানটি আশা করছে মেশিনটির উৎপাদিত পণ্য বিক্রি করে আগামী ৫ বছর যথাক্রমে ৪,০০,০০০ টাকা, ৫,৫০,০০০ টাকা, ৭,০০,০০০ টাকা, ১১,০০,০০০ টাকা ও ৯,৫০,০০০ টাকা মুনাফা হবে। মেশিনটির আয়ুষ্কাল নির্ধারণ করা হয়েছে ৫ বছর।**

ক) প্রতিষ্ঠানের সাফল্য কিসের ওপর নির্ভর করে? ১
খ) নগদ প্রবাহ প্রাক্কলন বলতে কী বোঝায়? ২
গ) সিনহা গ্রুপের নগদ আন্তঃপ্রবাহ নির্ণয় কর। ৩
ঘ) সিনহা গ্রুপের দীর্ঘমেয়াদি বিনিয়োগের ক্ষেত্রে নগদ প্রবাহ প্রাক্কলনের তাৎপর্য মূল্যায়ন কর। ৪

**২৮। শাপলা এন্টারপ্রাইজ তিন বছর মেয়াদি একটি প্রকল্পে ১৫ লক্ষ টাকা বিনিয়োগ করল। প্রতিষ্ঠানটি আশা করছে উক্ত প্রকল্প থেকে বিক্রয় বাবদ আগামী তিন বছর যথাক্রমে ৮ লক্ষ, ১২ লক্ষ ও ১৮ লক্ষ টাকা অর্জিত হবে। উক্ত প্রকল্পে প্রতি বছর চলতি খরচ বাবদ ব্যয় হবে বিক্রয়ের ৪০%। এছাড়া প্রতি বছর স্থায়ী খরচ ৩,০০,০০০ টাকা, অবচয় ২,০০,০০০ এবং কর ৩০% অনুমান করা হয়েছে।**

ক) গড় মুনাফার হার নির্ণয়ের তথ্য কোথা থেকে পাওয়া যায়? ১
খ) প্রতিষ্ঠানের মোট খরচ বলতে কী বোঝায়? ২
গ) শাপলা এন্টারপ্রাইজের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ) শাপলা এন্টারপ্রাইজের প্রকল্পটিতে প্রথম বছর কর ধার্য করার প্রয়োজন আছে কি? তোমার উত্তর বিশ্লেষণ কর। ৪

# অধ্যায়-১০-বাণিজ্যিক ব্যাংক

**২৯। জনাব হাসান একজন আমদানিকারক। তিনি তাঁর এলাকায় 'মেঘলা' ব্যাংকের সহায়তায় সহজেই ব্যবসায়িক কার্য পরিচালনা করেন। দেশের বিভিন্ন অঞ্চলে এ ব্যাংকের শাখা রয়েছে। যেখানে প্রচুর লোক কর্মরত। ব্যাংকটি জনাব হাসানের মত ব্যবসায়ীদের প্রতিনিধি হিসেবে বিভিন্নভাবে সহায়তা প্রদান করে।**

ক) বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কী? ১
খ) আন্তর্জাতিক বাণিজ্যে আমদানিকারকদের পক্ষে ব্যাংক কী ইস্যু করে? ব্যাখ্যা কর। ২
গ) 'মেঘলা ব্যাংক' জনাব হাসানকে কোন ধরনের সহায়তা প্রদান করে? বর্ণনা কর। ৩
ঘ) দেশের অর্থনৈতিক উন্নয়নে 'মেঘলা ব্যাংক' এর শাখাগুলোর ভূমিকা মূল্যায়ন কর। ৪

**৩০। রাহেলা একজন ব্যাংক কর্মকর্তা। তিনি ব্যাংকটির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে জেনে সে অনুযায়ী কার্যক্রম পরিচালনা করছেন। রাহেলা দেখতে পেলেন যে, ব্যাংকটি বিভিন্ন ধরনের সেবা ও জনকল্যাণমূলক কাজ করলেও মুনাফা অর্জনকেই মৌলিক উদ্দেশ্য হিসেবে গণ্য করে। সামাজিক, অর্থনৈতিক ও অন্যান্য উন্নয়নমূলক কাজ এখানে গৌণ। অর্থের আদান-প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করে রাহেলার ব্যাংকটি সফলতা লাভ করছে।**

ক) ব্যাংক বলতে আমরা কোন ব্যাংককে বুঝি? ১
খ) বাণিজ্যিক ব্যাংককে আর্থিক প্রতিষ্ঠান বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ) রাহেলার ব্যাংকটি যেসব উদ্দেশ্য অর্জনে কাজ করছে সেগুলো বর্ণনা কর। ৩
ঘ) রাহেলার দৃষ্টিতে "মুনাফা অর্জনই বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য।" বিশ্লেষণ কর। ৪

**৩১। জহির সাহেব আমদানি-রপ্তানির ব্যবসায় করেন। গত মাসে তিনি নতুন এক আমদানিকারক প্রতিষ্ঠান থেকে পণ্য ক্রয়ের প্রস্তাব পেলেন। কিন্তু নতুন ক্রেতা বলে জহির সাহেব সিদ্ধান্তহীনতায় ভুগছিলেন। এমন সময় ব্যাংক থেকে নিশ্চয়তা পেয়ে তিনি রপ্তানি করতে সম্মত হলেন।**

ক) LC কে ইস্যু করে? ১
খ) বিল বাট্টাকরণে গ্রাহকের কীভাবে লাভবান হয়? ২
গ) ব্যাংকের কোন ধরনের নিশ্চয়তা পেয়ে জহির সাহেব রপ্তানি করার সিদ্ধান্ত নিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ) জহির সাহেবের সিদ্ধান্তহীনতায় ভোগার কারণ বিশ্লেষণ কর। ৪

**৩২। জনাব আমির একজন ব্যাংকার। তিনি তার ব্যাংক থেকে বেশি পরিমাণে ঋণ দিতে চান। বেশি পরিমাণে ঋণ দিতে পারলে তার ব্যাংকের মুনাফা বেশি হতো। কিন্তু ইচ্ছা করলেই অনুমতি ব্যতীত বেশি ঋণ দিতে পারেন না। অবশ্য এতে সরকারের গুরুত্বপূর্ণ কাজে সহায়তা হয়।**

ক) ন্যাশনাল ব্যাংক লিমিটেড কোন ধরনের ব্যাংক? ১
খ) ট্রাভেলারস চেক বলতে কী বোঝ? ২
গ) জনাব আমিরের ব্যাংকটিকে অধিক ঋণ প্রদানে কার অনুমতি নিতে হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ) জনাব আমিরের ব্যাংকটি কম ঋণদানের মাধ্যমে সরকারকে কীভাবে সহায়তা প্রদান করে? বিশ্লেষণ কর। ৪

**৩৩। পূবালী ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকেই বাণিজ্যিক উদ্দেশ্যে পরিচালিত হয়ে আসছে। ব্যাংকটি অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের মতো নিত্য নৈমিত্তিক কার্যাবলি সম্পাদন করে। ব্যাংক জনগণের নিকট থেকে আমানত সংগ্রহ করে বিভিন্ন খাতে ঋণ হিসেবে বিনিয়োগের মাধ্যমে মুনাফা অর্জন করে। পূবালী ব্যাংক ঋণ প্রদানের সময় আধুনিক কৌশল প্রয়োগের মাধ্যমে ঋণ আমানত সৃষ্টি করে। ব্যাংকের প্রধান কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদিত হওয়ায় পূবালী ব্যাংক একটি সফল ব্যাংক হিসেবে সুনাম অর্জন করেছে।**

ক) বাংলাদেশের সবচেয়ে বড় বাণিজ্যিক ব্যাংক কোনটি? ১
খ) বাণিজ্যিক ব্যাংককে মুনাফাভিত্তিক প্রতিষ্ঠান বলা হয় কেন? ২
গ) পূবালী ব্যাংক বাণিজ্যিক ব্যাংক হিসেবে কীভাবে তহবিল সংগ্রহ করে তা বর্ণনা কর। ৩
ঘ) পূবালী ব্যাংকের ঋণ আমানত সৃষ্টির কৌশলটি বিশ্লেষণ কর। ৪

**৩৪। 'শিক্ষক ব্যাংক'-এর শাখা সমগ্র দেশজুড়ে বিস্তৃত। কিন্তু এর মধ্যে দিলকুশা শাখাটি দক্ষতার সাথে শুধুমাত্র বৈদেশিক বিনিময় সম্পর্কিত সেবা প্রদান করে আসছে। জনাব সাব্বির এ ব্যাংকের একজন গ্রাহক। তিনি চিংড়ি রপ্তানি করেন। তাই তার ব্যবসায়ের প্রয়োজনীয় সেবা তিনি 'শিক্ষক ব্যাংক' থেকেই গ্রহণ করেন।**

ক) 'জনকল্যাণ' বাণিজ্যিক ব্যাংকের কোন ধরনের উদ্দেশ্য? ১
খ) সঞ্চয় প্রবণতা বলতে কী বোঝ? ২
গ)'শিক্ষক ব্যাংক' কীভাবে সাব্বিরকে তার ব্যবসায়ে সহায়তা প্রদান করবে? বর্ণনা কর। ৩
ঘ) 'শিক্ষক ব্যাংক'-এর ব্যবসায়ের সাথে কোন নীতির সামঞ্জস্যতা প্রকাশ পেয়েছে? বিশ্লেষণ কর। ৪

**৩৫। নগদ টাকা দিয়ে আমরা কেনাবেচা করি। চেক দিয়ে কেনাবেচা হয়। ক্রেডিট কার্ড নির্দিষ্ট দোকানে কেনাবেচায় ব্যবহৃত হয়। এভাবে নতুন নতুন উপায়ে লেনদেন চলছে। মি. আলম অনেক টাকা খুলনায় নিয়ে যাবেন। ব্যাংক ড্রাফট করে নিয়েছেন। এরপরে আবার অনেক টাকা নিতে হবে। এবার আর ব্যাংক ড্রাফট লাগেনি। চেক বই নিয়ে গিয়েই টাকা উঠিয়েছে। তিনি এখন ATM কার্ডও ব্যবহার করেন। তাই চেকেরও আর প্রয়োজন হচ্ছে না।**

ক) শাখা ব্যাংক কী? ১
খ) বাণিজ্যিক ব্যাংকের প্রথম ও প্রধান কাজ কী? ব্যাখ্যা কর। ২
গ) মি. আলমকে অর্থ স্থানান্তরে সহায়তা করা বাণিজ্যিক ব্যাংকের কোন ধরনের কাজ? বর্ণনা কর। ৩
ঘ) মি. আলমের পরবর্তী সময়ে টাকা পেতে যে ব্যাংকিং পদ্ধতি ব্যবহৃত হয়েছে তার কার্যকারিতা বিশ্লেষণ কর। ৪

# অধ্যায়-১১-ব্যাংকের আমানত

**৩৬। 'মণি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র' এর মালিক পাপন, ব্যবসায় পরিচালনার জন্য নিকটস্থ একটি ব্যাংকে ব্যাংক হিসাব খোলেন। উক্ত হিসাবে তিনি প্রতিদিন কয়েকবার অর্থ জমা দেন কিন্তু সপ্তাহে দুবারের বেশি অর্থ উত্তোলন করতে পারেন না। পরবর্তীতে পাপন ই-ব্যাংকিং-এর সুবিধা গ্রহণের ব্যবস্থা নেন।**

ক) অএঞগ এর পর্ণরূপ কী? ১
খ) সুদবিহীন ব্যাংক হিসাবটি ব্যাখ্যা কর। ২
গ) পাপন নিকটস্থ ব্যাংকে কোন ধরনের ব্যাংক হিসাব খোলেন? বর্ণনা কর। ৩
ঘ) পাপনের ই-ব্যাংকিং সেবাগ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

**৩৭। মিরপুরের মোহিদুল ইসলাম একজন যুক্তরাষ্ট্র প্রবাসী। তিনি ব্যাংকের মাধ্যমে দেশে টাকা পাঠানো অধিক নিরাপদ মনে করেন। তাই তিনি তার বন্ধুর সাথে আলোচনা করে সোনালী ব্যাংকের ওয়েজ আর্নার্স শাখায় যোগাযোগ করে নিয়মিত টাকা জমা রাখছেন। তবে কিছু টাকা একত্র করে নির্দিষ্ট সময়ের জন্য অধিক লাভজনক খাতে ব্যাংকে রেখে দেয়ারও চিন্তাভাবনা করছেন।**

ক) এটিএম কত ঘণ্টা ব্যাংকিং সুবিধা দেয়? ১
খ) ব্যাংক হিসাব বলতে কী বোঝায়? ২
গ) মোহিদুল ইসলাম কোন ধরনের হিসাবে টাকা জমা করছেন? বর্ণনা কর। ৩
ঘ) অধিক লাভজনক কোন খাতে মোহিদুল ইসলাম টাকা জমা রাখতে পারেন? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩৮। মি. সানি ও মি. আশিক দু'জন বন্ধু। দু'জনই শহরে ভালো ব্যবসায় করেন। মি. সানি টাকা-পয়সা ব্যাংকে রাখেন। এ কারণে তিনি ব্যাংক হিসাবের মাধ্যমে অনেক সহজে টাকা আদান-প্রদান করতে পারছেন। এছাড়া ব্যাংক থেকে নানান সুবিধা পাওয়ায় তিনি সন্তুষ্ট। অন্যদিকে মি. আশিক টাকা-পয়সা নিজের কাছে রাখতেই স্বাচ্ছন্দ্যবোধ করেন। তবে ছিনতাই, সন্ত্রাস, চাঁদাবাজি বেড়ে যাওয়ায় মি. আশিক ভয় পাচ্ছেন। সম্প্রতি তিনি একটি ব্যাংক হিসাব খুলেছেন।**

ক) আমানত কী? ১
খ) ডেবিট কার্ডের ব্যবহার লেখ। ২
গ) মি. আশিক কোন সুবিধা পাওয়ার জন্য ব্যাংক হিসাব খুলেছেন? বর্ণনা কর। ৩
ঘ) ব্যাংকের সাথে লেনদেনে মি. সানি প্রধানত কী সুবিধা পাচ্ছেন? বিশ্লেষণ কর। ৪

**৩৯। সুহাশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। ব্যাংকে তার অনেক বন্ধুরই হিসাব রয়েছে। সেও ব্যাংকে হিসাব খুলতে চায়। সে ইলেকট্রনিক ব্যাংকিংয়ের সুবিধা পেতে আগ্রহী। জনাব সোহাগ একজন অবসরপ্রাপ্ত সরকারি চাকরিজীবী হিসেবে একত্রে বেশ কিছু টাকা পেয়েছেন। তিনিও ব্যাংকে হিসাব খুলতে সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু সুহাশের মতো ব্যাংকিং সেবা তার প্রয়োজন নেই। ব্যাংকের জন্য উভয়ই মূল্যবান।**

ক) এটিএম কোন ধরনের পণ্য? ১

খ)হিসাব খুলতে পরিচয়করণের প্রয়োজন পড়ে কেন? ২

গ)সুহাশ ব্যাংকে কোন ধরনের হিসাব খুলবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) জনাব সোহাগ স্থায়ী হিসাব খুললে লাভবান হবেন। উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৪০। মি. ইউসুফ একজন ব্যবসায়ী। ভালো ব্যবসায় করছেন। যথেষ্ট টাকাও জমা থাকছে কোম্পানির ব্যাংক হিসাবে। বন্ধু মি. আরিফ তার ব্যবসায়ে বিনিয়োগ করতে বললে তিনি ভাবছেন, আপাতত ব্যাংকেই নতুন হিসাব খুলে টাকা রাখবেন। যথারীতি তিনি ব্যাংকে হিসাব খুললেন। আগের হিসাবে তিনি যে সকল সেবা সুবিধা পেতেন এখানে তা নেই। তবুও টাকা নষ্ট হয়নি, টাকা নিয়ে ভাবতে হয়নি এটা ভেবেই তিনি তৃপ্ত।**

ক) নমুনা স্বাক্ষর কার্ড কী? ১

খ) রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ) মি. ইউসুফ ব্যাংকে নতুন কী হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) আগের হিসাবের মতো সুবিধা না পেলেও মি. ইউসুফের নতুন হিসাব নিয়ে তৃপ্ত হওয়া কারণ বিশ্লেষণ কর। ৪

**৪১। চাঁদপুরের নাইম একটি ব্যাংকে মাসে মাসে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা রাখেন। দশ বছর পর তিনি চিন্তা করলেন টাকাগুলো একত্রে ব্যাংকেই আরও লাভজনক খাতে রেখে দিবেন। সে মোতাবেক তিনি ব্যাংকের সাথে যোগাযোগ করে নিশ্চয়তা পেয়েছেন।**

ক) তারল্য কী? ১

খ) একজন শিক্ষার্থীর জন্য কোন ধরনের হিসাব উপযোগী? ব্যাখ্যা করো। ২

গ) উদ্দীপকের নাইম কোন শ্রেণির ব্যাংকে হিসাব খুলেছেন? বর্ণনা কর। ৩

ঘ) অধিক লাভের আশায় নাইম ব্যাংকে কোন ধরনের হিসাব খুলতে পারেন? যুক্তি দাও। ৪

**৪২। হাসান চৌধুরী হিসাব খোলার ইচ্ছায় সুরমা ব্যাংকে গেলেন। ব্যাংকের ম্যানেজারের সাথে এ বিষয়ে বিস্তারিত আলাপ করলেন। আলোচনায় ব্যাংকের ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড, এটিএম বুথ, ইন্টারনেট ব্যাংকিং সম্পর্কে জানতে পারলেন। তারপর তিনি একটি ফরমে তার নাম, ঠিকানা, আয়ের উৎস, পেশা, মোবাইল নম্বর লিখলেন এবং যথাস্থানে স্বাক্ষর দিয়ে আবেদন করলেন।**

ক) এসএমএস ব্যাংকিং কী? ১

খ) তালিকাভুক্ত ব্যাংক বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ) 'সুরমা ব্যাংক' হাসান চৌধুরীর মতো গ্রাহকদের কোন ধরনের সেবা প্রদান করে তা বর্ণনা কর। ৩

ঘ) হাসান চৌধুরী কীভাবে তার প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করতে পারেন? বিশ্লেষণ কর। ৪